# 9

দৈনিক বাংলা

তারিখ ... 22 APR 1997
পৃঃ ৮ কলাম ৭

## এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস

# অভিযুক্ত ২২ শিক্ষক ২ ম্যাজিস্ট্রেটের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়েছে

আগামী আট মে থেকে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা শুরু হচ্ছে। এ পরীক্ষা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

এইচএসসি পরীক্ষার হলসমূহে অসদুপায় অবলম্বন রোধ এবং ভুয়া প্রশ্নের মাধ্যমে প্রশ্নপত্র ফাঁসের গুজব সৃষ্টিকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রস্তুতি নেয়া হয়েছে। খবর তথ্য বিবরণীর।

গত এসএসসি পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িত থাকার অপরাধে প্রাথমিক তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে কক্সবাজার জেলা চকোরিয়া সরকারী উচ্চ বালক বিদ্যালয়ের তিনজন সহকারী শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করা হয়েছে।

একই অভিযোগে চকোরিয়া থানার শাহ উমরাবাদ উচ্চ বিদ্যালয়ের একজন, বহদ্দারকাটি উচ্চ বিদ্যালয় এবং দরবেশকাটা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের বেতন ভাতাদির সরকারী অংশ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত রাখা হয়েছে।

ময়মনসিংহ জেলার হালুয়াঘাটের গাব্রিয়াজুরী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, হালুয়াঘাট উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক এবং সেন্ট এ্যাডরোজ উচ্চ বিদ্যালয়, বিরই ডাকুনী উচ্চ বিদ্যালয় হালুয়াঘাট বালিকা উচ্চ বিদ্যালয়ের সাতজন শিক্ষকের বেতন ভাতাদির সরকারী অংশ একই অভিযোগে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত রাখা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় এ সকল বিদ্যালয়ের পরিচালনা পরিষদের কাছে অভিযুক্ত শিক্ষকদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশ পাঠিয়েছে।

পরীক্ষা হলে দায়িত্ব পালনে অবহেলা ও ব্যর্থতার অভিযোগে কুমিল্লার দাউদকান্দি থানার হাটখোলা উচ্চ বিদ্যালয়, রায়পুর উচ্চ বিদ্যালয় এবং গৌরীপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের নয়জন শিক্ষকের বেতন ভাতাদির সরকারী অংশ ছয় মাসের জন্য স্থগিত রাখা হয়েছে। এছাড়া এ শিক্ষকদের বিরুদ্ধে আগামী বছর পর্যন্ত পরীক্ষা হলে পরিদর্শকের দায়িত্ব পালনের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারী করা হয়েছে।

এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনার সঙ্গে জড়িত কক্সবাজার জেলার চকোরিয়া কেন্দ্রের দায়িত্বে নিয়োজিত একজন থানা ম্যাজিস্ট্রেট এবং ময়মনসিংহের হালুয়াঘাট কেন্দ্রের দায়িত্বে নিয়োজিত একজন সহকারী কমিশনারের বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়ের করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয় আসন্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষা সুন্দর ও সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্যে ছাত্র, শিক্ষক এবং অভিভাবকসহ গণমাধ্যমের কাছে আন্তরিক সহযোগিতা কামনা করেছে।